53

দৈনিক ইনকিলাব

তারিখ 15 MAR 1997
পৃষ্ঠা 8 কলাম 6

## প্রশ্নপত্র ফাঁসে উদ্বেগ

# স্বাধীনতার পরও এই সরকারের ছত্রছায়ায় প্রশ্ন ফাঁস ও গণটোকাটুকি হয়েছিল

বিএনপির শিক্ষা বিষয়ক সম্পাদক জনাব আলমগীর কবির এমপি গতকাল এক বিবৃতিতে বলেন, আমরা গভীর উদ্বেগ ও ক্ষোভের সাথে লক্ষ্য করছি যে, বর্তমান সরকার ক্ষমতায় আসার পর পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস এবং গণটোকাটুকি মারাত্মক আকার ধারণ করেছে। এমনকি এবারের এসএসসি পরীক্ষার ইংরেজী প্রশ্নপত্র শুধু গোপনেই ফাঁস হয়নি, দৈনিক পত্রিকায়ও প্রকাশিত হয়েছে। এতে দেশের মেধাবী পরীক্ষার্থীরাই শুধু ক্ষতিগ্রস্ত হবে না, গোটা পরীক্ষা ব্যবস্থা প্রশ্নের সম্মুখীন এবং শিক্ষা ব্যবস্থায় বিপর্যয় সৃষ্টি হয়েছে। বাংলাদেশের শিক্ষা ব্যবস্থা ধ্বংস করে দিয়ে এ দেশের শিক্ষার্থীদের অন্য দেশে গিয়ে শিক্ষাগ্রহণের প্ররোচনা দেয়ার উদ্দেশে পরিকল্পিতভাবে সরকারের সহায়তায় এসব ঘটানো হচ্ছে বলে সন্দেহ করা হচ্ছে। ফলে জাতির মেধা-মনীষার সম্ভাবনা নিঃশেষ হয়ে যাচ্ছে। ১১-এর পৃঃ ৫-এর কঃ দেখুন

## প্রশ্নপত্র ফাঁসে উদ্বেগ

প্রথম পৃষ্ঠার পর

বিবৃতিতে তিনি বলেন, শুধু এখনই নয়, স্বাধীনতার পর পর ক্ষমতায় এসেও এই সরকারের ছত্রছায়ায় প্রশ্নপত্র ফাঁস ও অবাধ গণটোকাটুকি হয়েছিল। শিক্ষা ও পরীক্ষা ব্যবস্থাকে ধ্বংস করা হয়েছিল। শিক্ষা ক্ষেত্রে আগের সেই বিভীষিকার দিন আবার ফিরে এসেছে। প্রশ্নপত্র ফাঁস, অবাধ নকল এবং শিক্ষা ব্যবস্থা ধ্বংসের দায়ে অভিযুক্ত এই সরকারের শিক্ষামন্ত্রী স্বপদে বহাল থাকার যোগ্যতা ও নৈতিকতা হারিয়েছেন। জনাব আলমগীর কবীর এই ন্যক্কারজনক ব্যর্থতা ও তৎপরতার তীব্র নিন্দা করেন এবং দায়ী ব্যক্তিদের কঠোর শাস্তি দাবী করেন।

### মাধ্যমিক ইংরেজী শিক্ষক সমিতি

বাংলাদেশ মাধ্যমিক ইংরেজী শিক্ষক সমিতির সভাপতি জনাব আবু জামাল খন্দকার, সাধারণ সম্পাদক আবুল বাসার মিয়াসহ সংগঠনের ৬ জন নেতা গতকাল এক যুক্ত বিবৃতিতে চলতি এসএসসি পরীক্ষার ইংরেজী ১ম ও ২য় পত্রের প্রশ্নপত্র ফাঁস হওয়ার ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করেছেন।

বিবৃতিতে তারা বলেন, এ বছরই প্রথম দেশের ৫টি বোর্ডের অভিন্ন প্রশ্নপত্রে পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে। যে কারণে পরীক্ষার্থী ও তাদের অভিভাবকবৃন্দ গভীর উৎকণ্ঠার মধ্যে ছিলেন। বিগত বছরে এইচএসসি পরীক্ষায় ইংরেজী বিষয়ে পাসের হার ছিল অত্যন্ত নগণ্য তদুপরি এবারের এসএসসি পরীক্ষার ইংরেজী ১ম পত্রের প্রশ্নের মান অত্যন্ত হতাশাব্যঞ্জক। প্রশ্নপত্র প্রণয়নে শ্রেণী কক্ষ শিক্ষকদের সম্পৃক্ততা সম্বন্ধে নেতৃবৃন্দ সন্দিহান। সুষ্ঠু তদন্ত সাপেক্ষে উক্ত পরীক্ষা বাতিলসহ প্রশ্নপত্র ফাঁসের ও প্রচারের সঙ্গে জড়িত দোষী ব্যক্তিদের দৃষ্টান্তমূলক শাস্তি প্রদানের মাধ্যমে ভবিষ্যতে যাতে অনুরূপ ন্যক্কারজনক ঘটনার পুনরাবৃত্তি না হয় তা নিশ্চিত করার জন্য সমিতির নেতৃবৃন্দ জোর দাবী জানিয়েছেন।